# হাসি খেলা

(প্রথম ভাগ)

## প্রথম শ্রেণী

(ভাষা, গণিত ও পরিবেশ অধ্যয়ন সমন্বিত পাঠ্যপুস্তক ও কার্য্যপুস্তক)

শিক্ষক শিক্ষা নির্দ্দেশালয় এবং
রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ
ওড়িশা, ভুবনেশ্বর

ওড়িশা বিদ্যালয় শিক্ষা কার্যক্রম
প্রাধিকরণ, ওড়িশা, ভুবনেশ্বর

# হাসিখেলা

(প্রথম ভাগ)

## প্রথম শ্রেণী

**সম্পাদক মন্ডলী :**

শ্রী চক্রধর বিশ্বাল
শ্রী নীলমাধব পরিছা
শ্রী প্রশান্ত কুমার রথ
শ্রী প্রমোদ কুমার মল্লিক

**সমীক্ষক মন্ডলী :**

শ্রী নরেশ চন্দ্র পণ্ডা
শ্রী নীলমাধব পরিছা
শ্রী সুবাস চন্দ্র মিশ্র

**সংযোজনা :**

ড. প্রীতিলতা জেনা
ড. তিলোত্তমা সেনাপতি
ড. সবিতা সাহু

**অনুবাদক মন্ডলী :**

প্রফেসার দীপস্য কুণ্ডু (অনুবাদক)
শ্রীমতি সুচিত্রা দাস (সমীক্ষক)
শ্রীমতি মধুমিতা ব্যানার্জ্জী

**সংযোজনা :**

ড. সবিতা সাহু

**প্রকাশক :**

বিদ্যালয় ও গণশিক্ষা বিভাগ,
ওড়িশা সরকার, ওড়িশা

**মুদ্রণ বর্ষ :** ২০২০

**প্রস্তুতি :** শিক্ষক শিক্ষা নির্দ্দেশালয় এবং রাজ্য শিক্ষা গবেষণা ও প্রশিক্ষণ পরিষদ, ওড়িশা, ভুবনেশ্বর

এবং

ওড়িশা রাজ্য পাঠ্য পুস্তক প্রনয়ন এবং প্রকাশন সংস্থ্যা ভুবনেশ্বর

**মুদ্রণ :** পাঠ্যপুস্তক উৎপাদন ও বিক্রয়, ভুবনেশ্বর



জগজ্জননীর চরণে অদ্যাবধি আমি যে সব উপঢৌকন দিয়েছি সেগুলির মধ্যে মৌলিক শিক্ষা আমার সবচেয়ে অধিক ক্রান্তিকারী ও মহত্ত্বপূর্ণ বলে মনে হয়েছে । এর চেয়ে অধিক মহত্ত্বপূর্ণ ও মূল্যবান নৈবেদ্য আমি যে জগতের সম্মুখে রাখতে পারবো, তা আমার মনে হয়না। এতে রয়েছে আমার সমগ্র রচনাত্মক কার্যক্রমকে প্রয়োগাত্মক করবার চাবিকাঠি । যে নূতন দুনিয়ার জন্য আমি ছট্‌ফট করছি তা এর থেকেই উদ্ভব হতে পারবে । এটা আমার অন্তিম অভিলাষ বললেও চলে ।

মহাত্মা গান্ধী



# আমাদের জাতীয় সঙ্গীত

“জন-গণ-মন অধিনায়ক জয় হে
ভারতভাগ্যবিধাতা
পঞ্জাব সিন্ধু গুজরাট মরাঠা
দ্রাবিড় উৎকল বঙ্গ
বিন্ধ্য হিমাচল যমুনা গঙ্গা
উচ্ছলজলধিতরঙ্গ,

তব শুভ নামে জাগে,
তব শুভ আশীষ মাগে,
গাহে তব জয়গাথা ।

জনগণ-মঙ্গলদায়ক জয় হে,
ভারতভাগ্যবিধাতা !
জয় হে, জয় হে, জয় হে,
জয় জয় জয়, জয় হে ।”

# সূচীপত্র


| পাঠ নং | বিষয় | পৃষ্ঠা |
|---|---|---|
| ১. | দেখ ও বল | ০১ |
| ২. | টুনা টুনি | ০৪ |
| ৩. | ছাগল ভয় পায় জলকে | ১১ |
| ৪. | রজ দোলনা | ১৯ |
| ৫. | ঠো ঠা | ২৬ |
| ৬. | বল দেখি | ৩২ |
| ৭. | মুনি গিয়েছিল হাটে | ৩৯ |
| ৮. | রাজার ভোজ | ৪৬ |
| ৯. | সপনি দাদুর স্বপ্ন দেখা | ৫৪ |
| ১০. | উই | ৬৩ |
| ১১. | কিচির মিচির | ৭২ |
| ১২. | দীপাবলি | ৭৯ |
| ১৩. | চতুর মোরগ | ৮৬ |

# দেখ ও বল





# শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- প্রথমে শিশুরা নিজেদের মধ্যে কথাবার্তা বলে মনোযোগের সঙ্গে চিত্র দেখবে । প্রত্যেক শিশুকে চিত্র বিষয়ে স্বাধীন ভাবে বলতে বলা হবে ।

- চিত্রে দেখানো জীবের মধ্যে কে কেমন চীৎকার করে ? কে কার কাছে ও দূরে আছে ? কে কোথায় আছে ? বড় জীব/ছোট জীব/মোটা/পাতলা কে ? কার পিঠে মেয়েরা বসেছে ? কার রং কেমন ? জীবেদের অঙ্গ ইত্যাদি সম্বন্ধে শিক্ষক প্রশ্ন করে আলোচনা করবেন ।

- চিত্র দেখে আমাকে কি জানতে চাও জিজ্ঞাসা কর । প্রত্যেক শিক্ষক প্রত্যেক শিশুর কাছ থেকে প্রশ্ন জানার চেষ্টা করবেন ও সেই সব প্রশ্নের উত্তর দেবেন ।

- চিত্র দেখে শিশুর ভাল লাগা চিত্র অঙ্কন করতে ও নিজের আঁকা ছবিতে রং দেওয়ার জন্য শিক্ষক শিশুকে বলবেন । প্রত্যেক শিশুর কিছু চিত্র অঙ্কন করা আবশ্যক ।

- চিত্রে দেখানো পশু ও চড়ুই ব্যতীত অন্য জীবজন্তু ও চড়ুই-য়ের নাম শিশুকে বলার জন্য নির্দেশ দেবেন ।

- শিক্ষক শিশুদের কিছু কৌতুককর প্রশ্ন, যথা-জিরাফ ও কাঠবিড়ালির মধ্যে কি কথাবার্তা হচ্ছে । কুমীর কেন হাসছে ? হনুমান কাকে কি বলছে ইত্যাদি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারেন ।

- চিত্রে দেখানো পশু ও চড়ুই-য়ের মধ্যে তোমার কাকে ভালো লাগে ? কেন ভালো লাগে ইত্যাদি প্রশ্নও শিক্ষক জিজ্ঞাসা করবেন । ৩৯ পিরিয়ডের এই পাঠ্যক্রম থেকে শিক্ষার্থীর শোনা, বলা, প্রশ্নের উত্তর দেওয়া, বোঝা, জীবজন্তু চিনতে পারা, ছবি আঁকা ও কল্পনা করা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-২

# টুনা টুনি

টুনা টুনি ভাই ভগিনী
নিয়ে এল চালের গুঁড়ো
বিরি বেটে সরু চাকলি কর
বললো চটিয়া খুড়ো ।







কপাট খুলে বললো টুনা
বাঘমামা হে এস,
চাকলি চিনি চাটনি খেয়ে
চেয়ার উপরে বস ।

চেয়ার করে কট্‌কট্‌
বাঘমামা করে ছট্‌ফট্‌ ।



# অভ্যাস

১.'চ' অক্ষরের চারিদিকে '◯' করবে ও
'ট' অক্ষরের চারিদিকে '☐' করবে ।



চেয়ার



বাঘ



কপাট



চট



টগর



বঁটি



চরকা



কলসী



চামচ

২. নীচের ছবিতে দেওয়া জিনিসগুলির নাম বল । কোন জিনিসগুলি ভারি ও কোন গুলি হালকা বল ।













৩. ঘরে থাকা কয়েকটি ভারি জিনিসের নাম বল ।

৪. ছবি দেখে নীচের লেখাগুলি পড় ।



চড়ুই



চপ্পল



খাট



চাবি



চাটু



চাকা

৫. ছবি দেখে বল ।



ক) কে ধুতি পরেছে ?

খ) সে আর কি কি পরেছে ?

গ) তোমার ঘরে আর কে কে আছেন ?

ঘ) কে শাড়ি পরেছে ?

ঙ) সে আর কি কি পরেছে ?

চ) পুরুষ লোকেরা আর কি কি পোষাক পরে ?

ছ) স্ত্রী লোকেরা আর কি কি পোষাক পরে ?

৬. কবিতায় 'চ' নীচে দাঁড়ি ও 'ট' উপরে দাঁড়ি দাও ।
যেমন : চ ট

৭. 'চ' ও 'ট' দিয়ে আর কি কি শব্দ তুমি জান বল ।

৮.



চড়ুই চোখে চশমা লাগিয়ে
চেয়ার উপরে বসেছে,
চাট্‌নির বাটি মুখে লাগিয়ে
একটু একটু খাচ্ছে ।

'চ' অক্ষর যেখানে আছে তার উপরে নুড়ি রাখ ।

৯. ক) এসো, সরু চাকলির পিঠার ছবি আঁকব ।



খ) এসো, অর্ধেক সরু চাকলি পিঠার ছবি আঁকব ।



গ) অর্ধেক ফুলকে সম্পূর্ণ করব ।



১০. ছবি দেখে বলব ।



ক) ব্যাঙ দিদি কি করছে ?

খ) পিঠে করতে কি কি জিনিস দরকার ?

গ) বাঁদর কি দেখছে ?

ঘ) তুমি কি কি পিঠা খেয়েছো ?



## শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- চিত্র দেখে শিক্ষক ও শিশুরা কবিতাটি ২/৩ বার আবৃত্তি করবে ।
- কবিতাটিতে পদ, পদ থেকে লাইন, লাইন থেকে অর্ধেক লাইন, অর্ধেক লাইন থেকে শব্দ, শব্দ থেকে অক্ষর চিহ্নিত করা আবশ্যক ।
- অভ্যাস কার্য ৩ ও ৭থেকে প্রত্যেক শিশুর কিছু বলা আবশ্যক ।
- অভ্যাস কার্য ৫এ অন্যান্য পোষাক উপরে আলোচনা করা দরকার ।
- অভ্যাস কার্য ৯ এর মত বালি, কাঁকর নিয়ে বিভিন্ন আকৃতির কাজ করা আবশ্যক ।
- এই পাঠটি পড়ানোর জন্য কমপক্ষে ২১ পিরিয়ড লাগবে । এই পাঠ থেকে শোনা, বলা, পড়া (চ ও ট), আবৃত্তি করা, প্রাক্ লিখন, প্রাক গণন (একটির সঙ্গে একটিকে যুক্ত করা, ভারি ও হালকা, বিভিন্ন আকৃতি ইত্যাদি), কল্পনা করা, পরিবেশ থেকে ব্যবহার করা যায় এই প্রকার বিভিন্ন জিনিস, পোষাক, কে কি পরে ও পরিবারের সদস্যদের নাম বলার দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-৩

# ছাগল ভয় পায় জলকে

বনের ভিতরে একটি পাহাড়। পাহাড়ের তলায় ঝর্ণা। ঝরঝর্ করে বয়ে যাচ্ছে। ঝলমলে জল। মাছেরা আনন্দে ফুকফুক করে ডুবছে উঠছে । ছাগলটি ঝরর্ণার কাছে এল ।



ঝলমল জল দেখে ছাগলটির স্নান করার জন্য ইচ্ছে হল। সে জলের ভিতরে ঝাঁপ দিল। মাছের গায়ে তার পা ঠেকল। মাছটি রেগে গরগর করতে করতে ছাগলের পা টি কামড়ে দিল।



ছাগলটির গা ঝিম্‌ঝিম্ করতে লাগল । সে ভয়ে জল থেকে উঠে পালিয়ে গেল । সে দিন থেকে ছাগল আর জলের ভিতরে যায় না ।

## অভ্যাস

### ১. ছবি দেখে বল ।



মাছ



ময়ূর



জানলা



ঝর্ণা



গাছ



বক্

২. মটর গাগরা জানলা পালক ঝুমকা মকর উপরে লেখা শব্দগুলির-

'ম' অক্ষরের নীচে (——) দাও ।

'র' অক্ষরে (○) ঘোরাও ।

'গ' অক্ষরের চারদিকে (□) কর ।

'ঝ' অক্ষরের চারদিকে (△) কর ।

৩. শব্দের ভিতরে থাকা অক্ষরের সঙ্গে নীচের ঘরে থাকা সমান অক্ষরকে দাগ টেনে যুক্ত কর ।

মকাই গাছ বক্ চরকা মাছ ঝাড়ু

ম র গ ঝ

৪. ক) তোমার ঘরের কাছে কি কি গাছ আছে বল ।

খ) বনে কি কি গাছ থাকে বল ।

## ৫. পাঠ -৩র প্রথম ছবি দেখে বল ।

- ছাগল ক'টা ?
- বড় মাছ ক'টা ?
- ছোট মাছ ক'টা ?
- জলে মোট কত মাছ আছে ?

## ৬. এস ছবি আঁকব ।

দু' টি বড় মাছের ছবি ।

তিনটি ছোট মাছের ছবি ।

## ৭. এস রং করব ।

বলটিতে লাল রং দেব । ক'টি বল গুনে বল ।



একটি মাছে হলদে রং দেব ।





৮ . প্রত্যেক গোলাকার ভিতরে একটি অক্ষর ও কতগুলি ছবি আছে । যে ছবির নামে সেই অক্ষর আছে সেই ছবিটি অক্ষরের সঙ্গে দাগ টেনে জুড়ে দেব ।













৯ . ক) সামনের দিকে টেনে নেব ।



(খ)

 

ব্যাঙ কিভাবে গঙ্গাঁ ফড়িংকে খেতে যাবে দেখাও ।
যেমন - 

(গ) ডালাতে যত পার, কমলার ছবি কর ।



১০. বল দেখি................

ক) ছাগলের পা মাছের গায়ে লাগার পরে ছাগল কি বলল ?

খ) ছাগল জলে ঢুকে যাওয়ার পরে বড় মাছগুলো ছোট মাছগুলিকে কি বলল ?

১১. ছবি দেখে বল কে বড় কে ছোট ?



১২.



উপরের ছবি দেখ। তার সে বিষয়ে বল।

# শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- গল্পটি চিত্র সহ ২/৩ বার পড়ানোর পরে লাইন, লাইন থেকে শব্দ, শব্দ থেকে অক্ষর চিহ্নিত করার কাজ করা আবশ্যক ।
- অভ্যাস কার্যে সূচনা ব্যাপারে যেখানে শিশুদের বুঝতে অসুবিধে হবে সেখানে শিক্ষক সূচনা পড়ে বুঝিয়ে দেবেন ।
- এই বিষয়টি বোঝানোর সময় চিত্রগুলি সম্পর্কে আলোচনা আবশ্যক ।
- অভ্যাস কার্য ৮ ও ১০ এর কার্য মত আরো অধিক কাজ করা যেতে পারে ।
- অভ্যাস কার্য ১১ কাজ সমেত শ্রেণী কক্ষ, বিদ্যালয়ের চতু:সীমা ও আশপাশের জিনিস নিয়ে কে বড়-কে ছোট বিষয়ে কাজ করা আবশ্যক ।
- অভ্যাস কার্য ১২ তে প্রত্যেক শিশুর কমকরে ৪/৫ টি বাক্য বলা আবশ্যক ।
- এই পাঠের জন্য কমপক্ষে ২৭টি পিরিয়ড থাকবে । এই বিষয় থেকে কথোপকথন, সহজ প্রশ্নের উত্তর দেওয়া, ছবি দেখে বলা, ম, র, গ, ঝ চিনতে পারা ও পড়তে পারা, ১ থেকে ৯ পর্যন্ত গুনতে শেখা, নিজের আশপাশে থাকা বণ, পাহাড়, নদী, ঝর্ণা ও গাছের ধারণা, প্রাক্ লিখন (বিভিন্ন আকৃতি), বড়-ছোট চেনা, বিভিন্ন রঙের বিষয়ে ধারণা ইত্যাদির বিকাশ হওয়ার সুযোগ রয়েছে ।

পাঠ-৪

# রজদোলনা



# অভ্যাস

১. ছবি দেখে শব্দগুলো পড় ।



কলা



কমলা



কান



পাগড়ি



পালক



ডাব



নখ



লাট্টু



নল

২. কর কটক চশমা কমলা

(শব্দ থেকে ‘ক’ অক্ষরে ‘◯’ বুলাও ।)

কুমীর নট নর নল

(শব্দ থেকে ‘ন’ অক্ষরে ‘□’ বুলাও ।)

পালক পট পাগড়ি পয়সা

(শব্দ থেকে ‘প’ অক্ষরে ‘△’ বুলাও ।)

৩.



প্রশ্ন ২ এর - নির্দেশ মত গুণে যেখানে যতগুলো হল তার ভিতরে ততগুলো দাগ টান ।

৪. শব্দ সহ ঠিক চিত্রটি দাঁড়ি টেনে জুড়ে দাও ।

মোটর



চট



টগর



মগ



৫. প্রতি লাইনের প্রথম ঘরে একটি করে অঙ্গের ছবি আছে, সেই অঙ্গের কাজের সঙ্গেঁ সেই লাইনের যে চিত্রগুলোর সম্পর্ক আছে সেগুলোতে '✓' চিহ্ন দাও ।



৬. এস রং দেব ।



বেলুন ভিতরে থাকা -

- পাতায় সবুজ রং দেব ।
- বলে হলদে রং দেব ।
- দেশলাইতে কালো রং দেব ।
- জোকার টুপিতে লাল রং দেব ।
- পেনসিলে নীল রং দেব ।

৭. এস আমরাও এই রকম লিখব ।

| | |
|---|---|
|  | ১ ১ ১ ১ |
|  | ২ ২ ২ ২ |
|  | ৩ ৩ ৩ ৩ |
|  | ৪ ৪ ৪ ৪ |
|  | ৫ ৫ ৫ ৫ |

৮. এস লেখ ।



চাকা চাকা চাকা চাকা



চরকা চরকা চরকা চরকা



চট চট চট চট

## শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- রজদোলনা পাঠের চিত্র শিশুরা নিজেদের মধ্যে কথা বলতে বলতে দেখবে ।
- প্রত্যেক শিশু চিত্রে কি দেখল বলবে ।
- শিক্ষক পাঠ্য অংশের চিত্র সম্পর্কিত কিছু প্রশ্ন নিয়ে আলোচনা করবেন ।
- রজদোলনা খেলার মত নিজ অঞ্চলে আর কি সব খেলা হয় ? সেইসব খেলার বিষয়ে আলোচনা হবে ।
- প্রত্যেক শিশু হাতের কোন কাজ অভিনয় করে দেখাবে । অন্যরা দেখবে । শিক্ষক অন্য শিশুকে কি কাজ হল, জানতে চাইবে ।
- এরপরে শিক্ষক শরীরের অন্য বাহ্য অঙ্গগুলির নাম বলবেন । প্রত্যেক শিশু অঙ্গগুলি দেখাবে । যাকে যে অঙ্গ বিষয়ে জিজ্ঞাসা করা হবে, সেই অঙ্গের কাজ সে বলবে ।
- অভ্যাস কার্য ৭ ও ৮ এর কাজের সঙ্গে বালি, করাতের গুঁড়ো, চক দিয়ে, ব্ল্যাকবোর্ড ও স্লেট্ ইত্যাদিতে সংপৃক্ত অক্ষর ও সংখ্যা লেখার অভ্যাস করা দরকার ।
- ১৬ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীর চিত্র পঠন, সরল প্রশ্নের উত্তর দেওয়া, বিভিন্ন বস্তু চেনা, ক, ন ও প অক্ষর চেনা ও পড়া, চ ও ট অক্ষর লেখা, ১ থেকে ৫ সংখ্যা চেনা ও লেখা, শরীরের বাহ্য অঙ্গের নাম ও কাজ সম্পর্কে বলা ইত্যাদি দক্ষতার বিকাশ আবশ্যক ।

পাঠ-৫

# ঠো ঠা

বাবলু বাবলি ছাড়ল ডাক
বেলুনওয়ালা বেলুনওয়ালা
বেলুন দিয়ে যা'
লাল নীলের মত ভাল ভাল বেলুন দিয়ে যা' ।




বাবলু বাবলি খেলল খেলা
বেলুন নিয়ে করল মজা
আঠটি বেলুন একত্র জুড়ে
দিল ছেড়ে গেল আকাশে উড়ে
বেলুন ফাটল ঠো ঠা
বাবলু বাবলি হা: হা: ...............

# অভ্যাস

১. ছবি দেখে শব্দগুলি পড়ব ।



বক্



হাঁস



বই



ডাল



নল



ঠোঁট



আতা



চোখ



পেঁয়াজ



চপ্পল



ফুল



কলম

২. বল দেখি..............

- বাবলু বাবলি কি বললো ?
- কে বেলুনওয়ালাকে বেলুন দিতে বলল ?
- বাবলু বাবলি বেলুন নিয়ে কি করল ?
- কতগুলো বেলুন নিয়ে আকাশে ছেড়ে দিল ?

৩. প্রশ্ন ১ এর ছবিগুলোর মধ্যে কোনগুলো গোলাকার ও কোনগুলো লম্বা ধরনের বল ।

৪. (ক) 'ব' অক্ষরকে বক্ তার ঠোঁঠে ছোঁবে ।



(খ) 'ল' অক্ষরকে লতা গিয়ে ছোঁবে ।




(গ) 'ল' অক্ষর যেখানে আছে তার নীচে দাগ দাও।

সরল, বলদ, কল, ফল, মালা, কলম, বল

(ঘ) 'আ' শব্দের চারপাশে '◯' বুলাও।

আম, আটা, চট, আখ, আতা, বল

৫. নীচের চিত্রগুলিতে যেখানে ব, ঠ, আ, ল অক্ষর আছে, সেই চিত্রগুলি সম্পর্কিত অক্ষরের সঙ্গে দাগ টেনে দেখাও ।



৬. বাজনা শোনা, মুখভঙ্গী করা, ধূপের গন্ধ শোঁকা, বল খেলা, ছবি আঁকা, বাঘ দেখা-এইসব কাজের কোন কাজটি কোন অঙ্গের দ্বারা করা হয় ?

৭. কোন কোন জিনিসের সঙ্গে হাতের সম্পর্ক আছে ?



৮. বল - তুমি হাত দিয়ে কি কি কাজ কর ?

৯. আটটি বেলুনের ছবি এঁকে একটিতে লাল ও তার কাছেরটিতে নীল রং দাও । এইভাবে আটটি বেলুনেই রং দাও ।

১০. এস আঙুলের ছাপ দিয়ে ছবি করব ।

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- গানটি অভিনয় করে শিক্ষক ও শিশুরা ৩/৪ বার আবৃত্তি করবে । পদ, পদ থেকে পঙ্‌ক্তি, তা পরে আধা পঙ্‌ক্তি, আধা পঙ্‌ক্তি থেকে শব্দ, শব্দ থেকে অক্ষর চিনিয়ে দেওয়া আবশ্যক ।
- অভ্যাস কাজের ৭নম্বরে হাত পা ছাড়া অন্য অঙ্গ সম্পর্কিত জিনিসের নাম শিক্ষক জিজ্ঞাসা করবেন ও সেই অঙ্গের কোন একটি কাজের জন্য নির্দেশ দেবেন ।
- অভ্যাস কার্য ৮ এর জন্য প্রত্যেক শিশু একটি করে কাজের বিষয়ে বলবে । (পুনরাবৃত্তি না করে )
- অভ্যাস কার্য ১০এ বিভিন্ন আঙুলে কালি লাগিয়ে যত সম্ভব অনেক প্রকারের ছবি প্রস্তুত করাবেন ।
- অভ্যাস কার্য ৪র ক, খ, ও গ র কাজের জন্য :

  ১) সেই কাজের ভিতর অন্য শব্দ নিয়েও সম্পৃক্ত অক্ষর চেনার কাজ করানো আবশ্যক ।

  ২) এজন্য চিত্র কার্ড, অক্ষর কার্ড প্রস্তুত করে এই প্রকার কাজ করানোও আবশ্যক ।

- ২৫ পিরিয়ডের এই পাঠে ল, ব, ঠ, আ অক্ষর চেনা ও পড়া, আবৃত্তি করা, বাহ্যঅঙ্গ চেনা ও তাদের কার্য বিষয়ে বলা, ১ থেকে ৯ পর্যন্ত গণনা করা, সূচনা বুঝে সরল বাক্যে নিজের ভাব প্রকাশ করা, বিভিন্ন আকৃতি চিনতে পারা, বিভিন্ন চিত্র আঁকতে পারা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-৬

# বল দেখি

ফোক্‌লা মুখটি হল আমার
চুল সাদা হয়ে গেল আমার ।
রীমা, সীমা আমার ছেলের মেয়ে
কী বলে আমায় ডাকবে বল ।





দাদু ডেকে বলে রীমা ও সীমাকে
শুধাতে চাই এস কাছে
ধরমা তোমার বাবার ভাই
তাকে কি বলে ডাক বল তাহাই ।

দাদু আবার ডাকল কাছে
জনম দিয়েছে যে তোমাকে ।
কি বলে তুমি তাকে ডাক
যে জান আগে হাতটি তোল ।

মায়ের বোন, মায়ের ভাই
ডাক তুমি তাকে কি বলে ।
তাঁর বাবা মা তেমার কে
যে বলবে সে মোর প্রিয় জান ।



# অভ্যাস



১. পড় -

রামের বাবা কমল,
কনকের বাবা কমল ।

২. বল -

রাম কনকের কে হয় ?



৩. পড় -

রামের মা কমলা,
কনকের মা কমলা ।

৪. বল -

কনক রামের কে হয় ?

৫. শিক্ষক আলোচনা করবেন -

- তোমার ঘরে কে কে থাকেন ?
- তোমার বাবার মাকে কি বলবে ?
- তোমা পাশের ঘরে কারা সব থাকেন ?
- তোমার এক বন্ধুর নাম বল । তার ঘরে কে কে থাকেন বল ।

৬. পড় ও 'অ' তলায় দাগ দাও ।






চরকা　　অক্ষ　　আকন্দ　　আরশোলা

৭. শব্দের 'অ' অক্ষরের সঙ্গে তলায় রাখা 'অ' কে দাগ টেনে জুড়ে দাও।

অমর　অভয়　অমৃত　অলাবু　অল্প　অনেক

অ

৮. 'আ' কার দেওয়া অক্ষরকে দাগ টেনে টুকরি ভিতরে রাখ।



বাট

বাঘ

চক

আলু

কাঁচ

ছাতা

ভূট্টা

৯. ক) ক' টা ফুলের টব আছে গুণে বল ।

খ) কোন টবে কটা ফুল আছে গুণে তার নীচে লেখ ।

গ) মোট ক' টি ফুল আছে গুণে বল ।



১০. সমান সমান সংখ্যক ছবির সঙ্গে দাঁড়ি টেনে জুড়ে দাও ।



১১. সংখ্যা দেখে সেইমত লেখ ।

৬ ৬ ৬ ৬

৭ ৭ ৭ ৭

৮ ৮ ৮ ৮

৯ ৯ ৯ ৯

১২. বল - তোমার ঘরে কে কি কাজ করে ?

১৩. পড় -

| | | |
|---|---|---|
| নট | চট | বট |
| পর | বর | নর |
| টগর | নগর | রবার |

১৪. লেখ -



নখ ন খ



ঘর ঘ র



বন ব ন

# শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- পাঠটি দুই / তিন বার ছবি দেখে পড়তে হবে ।
- পূর্বের মত (অন্য আবৃত্তি করানোর মত) অ, খ, ন, ব, র ও 'আ' কার চিহ্নিত করা হবে ।
- অভ্যাস ১র অনুশীলন পরে শিক্ষক ২র প্রশ্ন জিজ্ঞাসা করবেন, অন্যদের সঙ্গে সম্পর্ক সম্বন্ধে আলেচনা করবেন ।
- অভ্যাস ১২র কার্য সহ " তোমার গাঁয়ের লোকেরা কি কি কাজ করে" তা আলোচনা করা হবে ।
- অভ্যাস ১৪র কাজের মত তলায় চকে, বালিতে ও স্লেটে এই প্রকার লেখা আবশ্যক ।
- ২৮ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীর অ, খ, ন, ব, র ও 'আ' কার চেনা, পড়া, লেখা, বিভিন্ন সম্পর্ক দেখানো, কে কি কাজ করে দেখানো, ১ থেকে ২০ পর্যন্ত গুনতে শেখা, সংখ্যা মিল করে সমান সমান পরিমাণ দেখানো, ৬ থেকে ৯ পর্যন্ত সংখ্যা সংকেত লেখা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-৭

# মুনি গিয়েছিল হাটে

মুনি ছয় সাত বছরের মেয়ে। একদিন সকাল সকাল পাঠশালা যাওয়ার জন্য বেরল। অল্প দূরে হাট। ভাবল, একটু ঘুরে এলে কেমন হয়? হাটে গেল। হাটে সে কি দেখল ?



# অভ্যাস

১. এস ছবি দেখে বল ।


করাত


হাত


তাল


কলা


কাস্তে


দড়ি


কাঁঠাল


রসুন


বেগুন


ছাতা


ছাতু


মাছ

২. এস লেখ ।

| | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|
| • | • • | • • • | • • • • | • • • • • | • • • • • • | • • • • • • • | • • • • • • • • | • • • • • • • • • |
| ১ | | | ৪ | | | | ৮ | |

৩. ছবির ভিতরে থাকা অক্ষর, তলায় শব্দগুলো যেখানে আছে, তার চারপাশে গোল ঘোরাও ।
















| | | | | | |
|---|---|---|---|---|---|
| গাছ | কাস্তে | ছাতা | কাঠা | তবলা | গল্প |
| আট | চাকা | ছক | নট | পাতা | বন |
| গাধা | বলদ | পালক | ছোলা | কল | বক্ |

## ৪ . ছবি দেখে পড় ও খালি স্থানে লেখ ।



কইঁ



কা____



আ ____শোলা



পালক



পা____রা



ভু____



____ন



____ক

পড় -

| | | | |
|---|---|---|---|
| একা | চার | চাট | পান |
| চাকা | বার | পাট | কান |
| কাকা | জনার | হাট | নাক |
| শিশির | আচার | সকল | পায়রা |
| চাকর | আকার | নকল | ময়রা |

## ৫. খালি জায়গা পূরণ কর ।



৫টি চড়াই



____টি কলম



____টি বেলুন



____টি ফুল



____টি বেগুন



____টি করলা

৬. অক্ষর দেখে সেইমত লেখ ।

আ আ

আ আ

ম ম

ম ম

ক ক

ক ক

অ অ

অ অ

# শিক্ষক ও অভিভাবকদের জন্য সুচনা

- "মুনি গিয়েছিল হাটে" পাঠটি শিক্ষক ও শিক্ষার্থী মিলেমিশে পড়বে । তারপরে শিক্ষার্থীরা চিত্রটি মনোযোগ সহ দেখবে ।
- তা'পরে কিছু সাধারণ প্রশ্ন যথা - তোমার গ্রামে/তোমার গ্রামের পাশে হাট কবে বসে ? কেথায় বসে ? হাট বসলে তোমার কি লাভ হয় ? হাট আমাদের কিভাবে সাহায্য করে আলোচনা করা হবে ।
- হাটে কি কি জিনিস পাওয়া যায়- ছবি দেখে ও নিজের মন থেকে বলার জন্য শিক্ষক সূচনা দেবেন ।
- শিশুদের বলা নামগুলি লিখতে হবে ও তার মধ্যে গ, দ, শ, ছ ইত্যাদি অক্ষর বিশিষ্ট শব্দের সম্পৃক্ত অক্ষর বলতে ও পড়তে হবে ।
- হাটে যা পাওয়া যায়- মাটির হাঁড়ি কলসী, দা, জামা-কাপড়, কুলো/বাঁশের তৈরি ঝুড়ি ইত্যাদি কে তৈরি করে, বাড়ি ও গ্রামের লোকদের জিজ্ঞেস করে জানতে হবে ।
- অভ্যাস ৬র কার্য সহ সেই অক্ষরগুলি চক্, বালি, করাতগুঁড়ো ইত্যাদি দিয়ে লেখানো ও অভ্যাস করানো আবশ্যক ।
- অভ্যাস ২র অনুশীলনের পরে ৯ থেকে ১ পর্যন্ত লেখা ও সংখ্যা অনুযায়ী ছবি আঁকবার কাজ দেওয়া আবশ্যক ।
- ২৯ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীর-গ, ছ, ন, ত, দ অক্ষর চেনা ও পড়া - অ, আ, ক, ম, আ-কার বিশিষ্ট শব্দ লেখা ১ থেকে ৯ ও ৯ থেকে ১ ক্রমে সংখ্যা লেখা, যোগফল ৯র মধ্যে ২টি সংখ্যার যোগ করা ও হাট বিষয়ে বর্ণনা করা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।
- আমরা এ পর্যন্ত চ, ট, ম, র, গ, ঝ, ক, ন, প, আ, ঠ, ব, ল, অ, খ, ছ, ণ, ত, দ অক্ষরগুলি শিখলাম ।
- ওড়িয়া বর্ণমালাতে এই অক্ষরগুলি অ, আ, ক, খ, গ, চ, ছ, ঝ, ট, ঠ, ণ, ত, দ, ন, প, ব, ম, র, ল ক্রমানুসারে আছে ।

# রাজার ভোজ

জঙ্গলের রাজা ভোজ দেবেন । প্রজারা সবাই রাজবাটীতে খাবে । ডাক পেয়ে জীবজন্তুরা তাই সেজেগুজে বেরিয়ে পড়ল ।



ভাল্লুক একটি বড় ডালা ধরেছে । তাতে থোক থোক সাদা ফুল সাজানো হয়েছে । হনু ধরেছে গোলাপের কুঁড়ি । সবার পিছনে বুড়ো গাধাটা চলছে ঢলতে ঢলতে ।



ডিবাতে খাদ্য বস্তু রয়েছে। ঢাকনাটা খুলে দেওয়া হল । রাজবাটীতে জীবেরা সারি সারি বসে পড়ল । কয়েকজন ডাবু নিয়ে পরিবেশন করল ।



সবার শেষে শিয়াল এল । পিঁড়ি পেতে বসল । ভাবল পেট ভরে খাবে । খাওয়ার সময় দেখল ডিবা খালি ।

## অভ্যাস

১. এস বল...............

- রাজা কি দিল ?
- ভাল্লুক কি ধরেছিল ?
- শিয়াল কার উপরে বসল ?
- শেষে কি হল ?

২.  এস ছবি দেখে বল ।


ডাল


ঢোল



নৌকা


জটা


জাল


জিভ


গরুর গাড়ি


বাঁদর


কুঁড়ি


গাধা


বিড়াল


ধনুক

উপরে লেখা শব্দগুলির ড, ড়, জ, ধ, ঢ, র শব্দগুলিতে গোল বুলাও ।

৩. ছবির সঙ্গে মিলিয়ে পড় ।



ব





জল



ধর



ছাউনি কর

৪. ড, ঢ, ধ, জ অক্ষর যে শব্দে আছে বেছে, তাঁর তলায় দাগ দাও ।

বক, গাধা, ধেনু. জিভ, গরুর গাড়ি, কুঁড়ি, ডাল, ঢাকনা

৫. বলতে পার ত বল ।

ক) একটি গাছে ৫টি চড়াই ছিল । তালি মারতেই সব চড়াই উড়ে গেল । আর ক' টি চড়াই রইল ।

খ) কুনুর কাছে তিনটি বেলুন ছিল । তিনটি বেলুনই ফেটে গেল । আর ক'টি বেলুন রইল ?

৬. কে কার সঙ্গে সমান, দাঁড়ি টেনে জুড়ে দাও ।



৭. পাঠ ৮র ২ নম্বর ছবি দেখে বল ।

ক) বাঁদরের কাছে কে বসেছে ?

খ) ক'জন ভোজ খাচ্ছে ?

৮. ছবি দেখে বাক্সে লেখ ।



→ ২ টি বাঘ



→ ☐ টি হরিণ



→ ☐ টি বাঁদর



→ ☐ টি ফুল

৯. ৬টি কাঠির চিত্র কর ।

১০. এস লেখ ।

ট ট

ল ল

ট ট

ল ল

ট ট

ল ল

## শিক্ষক ও অভিভাবকদের জন্য সূচনা

- শিক্ষক গল্পটি অভিনয় করে প্রাসঙ্গিক চিত্র দেখিয়ে শিশুদের বুছিয়ে দেবেন । বোঝানোর সময় পাঠের চিত্রগুলি সম্পর্কে আলোচনা করবেন । গল্পের লাইন, লাইন থেকে শব্দ, শব্দ থেকে অক্ষর চিনিয়ে দেবেন ।

- অভ্যাস কার্য ১এ যত প্রশ্ন আছে তাছাড়া গল্প উপরে আরো বেশি প্রশ্ন নিয়ে আলোচনা করবেন ।

- অভ্যাস কার্য ৫এ 'শূন্য' র ধারণার জন্য মৌখিক জিজ্ঞাসাবাদ করবেন।

- অভ্যাস কার্য ৬ তে বস্তুকে নিয়ে সমান (পরিমান) এর ধারণা দেবার সঙ্গে দৈনন্দিন জীবনের অনুভূতি প্রসঙ্গে আলোচনা আবশ্যক ।

- অভ্যাস কার্য ৭ এর আলোচনার সময় কোন পশু কোথায় বসেছে, কার পাশে কে বসেছে সে বিষয়ে আলোচনা হওয়া আবশ্যক ।

- অভ্যাস কার্য ৯র জন্য স্লেট, খাতা, ব্ল্যাকবোর্ডের ব্যবহার করা আবশ্যক ।

- এই পাঠটির জন্য কমপক্ষে ২৫টি পিরিয়ড রয়েছে । এই পাঠটিতে জ, ড়, ড, ঢ, ধ অক্ষর চেনা, ট, ল, লিখন, সমান সংখ্যার তুলনা, 'ঠ' র ধারণা, বনের জীবজন্তুদের বিষয়ে ধারণা, অতিথিদের সঙ্গে ব্যবহার ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-৯

# স্বপনি দাদুর স্বপ্ন দেখা



শীতের রাত । উষ্ণ বিছানাতে স্বপনি দাদু খাটে শুয়েছিল । স্বপ্ন দেখল, হাতীটা আকাশে উড়ছে । হাতীটা উড়তে উড়তে এসে পড়ল শোওয়ার ঘরের চালের উপরে । মড়মড় করে ভেঙ্গে পড়ল ঘরটা ।



অমনি ভুস করে হাতী এসে পড়ল দাদুর উপরে । হুড়মুড়িয়ে উঠে পড়ল দাদু । স্বপ্ন ভেঙেগেল । দেখাগেল দাদু পড়ে আছে খাটের তলায় ।



## অভ্যাস

১. এস পড় ।

| | | | | |
|---|---|---|---|---|
| হাট | শর | নব | জপ | বরফ |
| বাট | আগ | ছাত | ছাতা | হরষ |
| পাঠ | শাক | জগত | ধর | সরস |

২. এস ছবি আঁকব ।



সাপ শর চশমা হাত

৩. গাছের গোড়ায় থাকা অক্ষরগুলি গাছের উপরে থাকা শব্দের একই প্রকার অক্ষরের সঙ্গে দাগ টেনে জুড়ে দাও ।




৪. ক) ছবি দেখে, সেগুলি যে ঋতুতে ব্যবহার হয় সেই ঋতুর ছবির সঙ্গে জুড়ে দাও ।



## খ) এস বল ।

ক) গ্রীষ্মকালে ঢিলা পোশাক আমরা কেন পরি ?

খ) শীতকালে গরম পোশাক কেন দরকার ?

গ) বর্ষাকালে ছাতা ও বর্ষাতি ব্যবহার না করলে কি অসুবিধা হয় ।

## ৫ . মিনি ও কুনা খেলছিল ।

| | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| মিনির চড়বার সিঁড়ি | ১ | | | | | | | | ৯ |
| কুনার নীচে যাওয়ার সিঁড়ি | ৯ | | | | | | | | ১ |



## ৬. খালি জায়গাতে সংখ্যা লেখ ।

 ও  মিশে  ____ টি পেনসিল

 ও  মিশে  ____ টি ডিম

 ও  মিশে  ____ টি কমলা

## ৭. এস আমরা গুণব ।

 ও  মিশে 

 ও  মিশে 

 ও  মিশে 

 ও  মিশে 

## ৮. আমরা এইভাবে লিখব ।

৩টি  + ২টি  = ৫টি 

২টি  + ১টি  = ৩টি 

৪টি  + ২টি  = ৬টি 

## ৯. ছবি দেখে শব্দ লিখব ও সেইমত ছবি করব ।

 

 

ও

 

১০. পড়

ছক বন তর কল নল পদ
ছকা বনা তারা কলা নালা পদা

পতর তরল হলহল টকটক
অজর গরল কলবল ঝকঝক

১১. ছবি দেখে বল, গাছ লাগালে কী লাভ হয় ?



১২. লেখ ।



বলদ — দ দ



গাছ — ছ ছ



পাতা — তা তা



কাঁঠাল — ঠা ঠা



নল — ন ন



কলম — ল ল



ঝর্ণা — ঝ ঝ

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- চিত্র দেখাবে এবং শিক্ষক ও শিশুরা মিশে পাঠটি ২/৩ বার পড়বে ।
- পড়বার সময় শ, স, ষ ও হ র উচ্চারণ উপরে গুরুত্ব দেবে ।
- পূর্বের মত সমগ্র গল্প, অনুচ্ছেদ, লাইন, খণ্ডবাক্য, শব্দ(পদ), অক্ষর, ক্রমান্বয়ে অক্ষর চেনার কাজ হবে ।
- বই-য়ের অভ্যাস কার্য করার আগে গল্প সমন্ধীয় কিছু প্রশ্ন আলোচনা হবে । যেন উত্তরে শ, স, ষ ও র উচ্চারনের সুযোগ থাকে। যথা- কে ঢাকা দিয়ে শুয়ে আছে ? হাতী কোথায় উড়ছে ? ঘরের উপরে হাতী পড়াতে কি হল ইত্যাদি ।
- এরপরে গল্প ও চিত্র দেখে শিশুরাও কিছু প্রশ্ন শিক্ষককে জিজ্ঞাসা করবে ও শিক্ষক উত্তর দেবেন । (প্রত্যেক শিশুর উত্তর দেওয়া ও প্রশ্ন করা আবশ্যক)
- অভ্যাস কার্য ৮ ও মনে রাখার মত অভ্যাস হয়ে গেলে,

  ☐ + ☐ = ৭

  এইপ্রকার মুক্ত উত্তরমূলক প্রশ্নের সমাধনের জন্য কাজ দেওয়া আবশ্যক ।
- ২০ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীর স, শ, ষ ও হ চেনা ও পড়া, দ, ছ, ত, ন, ল ও ঝ লেখা ১ থেকে ৯ উর্দ্ধক্রম, অধ:ক্রমে গোণা, যোগফল '৯' র জন্য দুইটি সংখ্যার যোগ করা, '+' ও '=' চিহ্নের ব্যবহার করা, ঋতু অনুযায়ী বিভিন্ন পোশাক ব্যবহারের কারণ দেখানো ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

# উই

আমার নামটি উই
মাটিতে রই
কাঠ খাই
পেট পূরাই
আমার নামটি উই ।

ইট মাটির ঘর
না থাকে আমার ডর
চাল ছাপরার ঘর
করি ছারখার
জামা কাপড় খাই
আমার নামটি উই ।



# অভ্যাস

১. ছবি দেখে পড়ব ।



ইট



উই



কাক



লাউ



ঘর



খাট



চোখ



ঘড়ি



ঘণ্টা

২. ই কে ইর সঙ্গে জোড় ।

অখ

ভাই খই মই

যাই

কাই রাইতা

পইতা

ছাই

বাই

নখ

লই ঘর

ইড়া ঘাই

ইলিশ

নাই

৩. (ক)




ছাতার উপরে থাকা বিন্দু জুড়ে কি অক্ষর পেলে বল । তলার অক্ষরগুলোর সঙ্গে তা' যোগ করে পড় ।

খ) 'খ' অক্ষর যুক্ত শব্দকে ইদুঁরের ল্যাজ টেনে বুলাও ।



ঘন খই খলা ক্ষত
খট লতা খটা পঘা




৪. বিন্দুগুলো জোড় । যে অক্ষর পাওয়া যাবে তাকে সেই অক্ষর থাকা শব্দের সঙ্গে দাগ টেনে জুড়ে দাও ।

৫. নীচের ছবিগুলোর নাম বল।






৬. এস, এলোমেলো অক্ষরকে সাজিয়ে পড়ব ।

টাখ, টবা, ঘবা, খআ, টই, তাইপ

৭. এস পড়ব ।

কাক ডাকে কা কা
হনু ভাই তুই খা খা
কোকিল গান গা গা
কাজলপাতি আ আ

৮. এস অক্ষর লাগিয়ে পড়ব ।



ল



র

৯. (ক) গোলের ভিতরে থাকা ছবির মধ্যে কোনটি আলাদা বাছ ।









(খ) কোন্ পশুপক্ষীকে আমরা ঘরে পালন করি ।

১০. ক) গোরু কোথায় থাকে ? গোরু তার দেহ কিভাবে পরিস্কার করে ? এস জেনে নাও । কে কোথায় থাকে ও কিভাবে তার দেহ পরিস্কার করে ।





মুখ বা জিভ দিয়ে
দাঁত বা নখ দিয়ে
শুঁড় বা ল্যাজ দিয়ে
ঠোঁটে কিম্বা ঝেড়ে

খ) তুমি সকালে উঠে কি কি কাজ কর ?

গ) ঠিক কাজের পাশে (✓) ও ভুল কাজের পাশে (x) চিহ্ন দাও ।

- সকালে উঠে চোখ মুখ ধুই ।
- খাওয়ার পূর্বে হাত ধুই না ।
- সকালে দাঁত ঘসি ।
- গরম খাদ্য খাই ।
- বাসি খাদ্য খাই ।
- মাছি বসা খাদ্য খাই ।
- চপ্পল পরে পায়খানা যাই ।

## ১১. দেখ ও লেখ ।


ডালা


বা


গরুরগাড়ি


ডা


জাল


টা


বন বিড়াল


গা

## ১২. পড় ।

| | | | |
|---|---|---|---|
| কাই | লাউ | খার | ঘন |
| যুঁই | কাক | খাল | ঘর |

| | | |
|---|---|---|
| চৈত্র | বৌদি | পরখ |
| ধোপা | মৌজা | গরুরগাড়ি |

কনকের বাড়ি অনেক দূর
শীগগির চল করনা দেরি ।

১৩. বিন্দু গুলো জুড়ে দাও ।





১৪.(ক) এস আমরা জুড়ে দিই । যেমন -




খ) উপরের উই ছবিগুলো গুণ ।

গ) কততে কত মিশলে ৯ হবে ?

# শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- পূর্বের নির্দেশমত পদ্যটি ৩/৪ বার শিশুদের সঙ্গে আবৃত্তি করতে হবে । পদ্য থেকে পদ, পদ থেকে লাইন, লাইন থেকে শব্দ, শব্দ থেকে অক্ষর চিহ্নিত করতে হবে ।
- অভ্যাস কার্য ২এ আরো অনেক বিন্দু জুড়বার কাজ করা আবশ্যক ।
- অভ্যাস কার্য ৯ তে অন্যান্য চিত্র দিয়ে ভিন্ন চিত্রটিকে বাছতে বলা হবে ।
- অভ্যাস কার্য ১০ 'গ' তে আরো অনেক কাজের তালিকা দিয়ে ভুল ঠিক নির্দ্ধারণ করতে হবে ।
- অভ্যাস কার্য ১৩তে আলাদা পশুপক্ষীদের চিত্র এঁকে বিন্দু দিয়ে তার সঙ্গে জুড়ে দেবার কথা বলা যেতে পারে ।
- অভ্যাস কার্য ১৪র 'গ' এর জন্য প্রত্যেক শিশুকে বলতে সুযোগ দেওয়া হবে ।
- এই পাঠের জন্য কমপক্ষে ২৫টি পিরিয়ড আবশ্যক । এতে ই, উ, খ, ঘ অক্ষর চিহ্নিত করন ও পঠন, ড, ড়, ন, ধ এর লিখন, চিত্রাঙ্কন, ২০র মধ্যে গোনা, কমবেশী, ছোট বড়র ধারণা, ২টি সংখ্যার যোগফল (৯ ভিতরে), বিভিন্ন পক্ষী, পশু, কীটপতঙ্গ, তাদের স্বর, গৃহপালিত পশু, জীবজন্তু, পরিস্কার পরিচ্ছন্নতা বিষয়ে দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-১১

# কিচির মিচির

কিচির মিচির কিচির মিচির
কিচির মিচির চিড়িয়া
ধান পাহারায় ছিল নটিয়া ।
নটিয়া ধরল লাঠি
চিড়িয়া গেল উড়ে ।



# অভ্যাস

১. দুই পাশে থাকা একই প্রকার খেলনাগুলো মাঝের ঘরের শব্দের সঙ্গে জুড়তে হবে ।



| |
|---|
| ঝিটিপিটি |
| বিড়াল |
| নিক্তি |
| গেলাস |
| হরিণ |



২. ছবি দেখে খালিস্থান পূরণ কর ।

 চাকা

 চা---

 মাছ

 মা----

 কাঠ

 কা----

৩. 'মি' মত তলায় থাকা অন্য অক্ষরে রঙিন কলমে ' ি ' যোগ করে পড় ।




৪. ক) তলার ছবিগুলোর মাঝে রেখে দেওয়া জিনিসগুলোর নামের সঙ্গে কার সম্পর্ক আছে তাকে দাগ টেনে চিনিয়ে দাও ।



বেগুন
পেঁয়াজ জনার
ধান ঘাস
গম

খ) আরও কয়েকটি সব্জি গাছের নাম বল ।

৫. এই প্রকার লেখ ।

| | | |
|---|---|---|
| ১১ | | |
| ১১ | | |
| ১১ | | |
| ১১ | | |
| ১১ | | |

| | | |
|---|---|---|
| ১২ | | |
| ১৩ | | |
| ১৪ | | |
| ১৫ | | |
| ১৬ | | |

৬. নীচের দেওয়া উদাহরণ দেখে খালি ঘর পূরণ কর ও পড় । যেমন - বালি

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| না | বা | খা | ডা | গি | চি | তি |
| লি | | | | বি | | |

## ৭. গোন ও কত হল খালি ঘরে লেখ ।





বল-

ক'টি চড়াই আছে ?

ক'টি উই আছে ?

ক'টি বলদ আছে ?

ক'টি আম আছে ?

ক'টি প্রজাপতি আছে ?

ক'জন শিশু আছে ?

ক'টি ফুল ফুটেছে ?

৮. এস ছবি আঁকব ।



৮ টি কর



১০ টি কর



১৫ টি কর

৯. পাঠের ছড়া দেখে খালি ঘরে কি হবে লেখ ।

ন______য়া　　ধর ______

পা______রায়　　চি______য়া

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- চিত্র দেখে ৩/৪ বার শিক্ষক ও শিক্ষার্থী আবৃত্তি করবে ।
- আগের মত পঙ্‌ক্তি লাইন, শব্দ ও অক্ষর ক্রমে চিনতে হবে।
- যে শিশুর সূচনা বুঝতে অসুবিধা হবে, শিক্ষক সাহায্য করবেন যেন শিশু স্বচ্ছন্দে কাজ করতে পারে ।
- প্রত্যেক শিশু অভ্যাসের কাজগুলো যাতে করে তা' নিশ্চিত করতে হবে ।
- অভ্যাস ৪ (খ) ও ৭ এর প্রশ্নগুলো অনুশীলন করানোর দিকে শিক্ষকের সর্তক থাকা আবশ্যক ।
- গ্রামে আর কি শাক সব্জি চাষ হয়, বাড়ি থেকে বুঝে এসে শ্রেণীতে তা' বলার অভ্যাসও করতে হবে ।
- ২০ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীকে 'ই' কার (ি) চেনা, ই-কার দিয়ে অক্ষর, শব্দ লেখা, কবিতা আবৃত্তি, ১১ থেকে ২০ পর্যন্ত গোনা ও লেখা, বিভিন্ন শাক ও সব্জি গাছ চেনা, ছবি আঁকা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-১২

# দীপাবলি

দীপাবলির দিন বাবা ডলি ও ঝিলিকে ডেকে বললেন, আজ দীপাবলি । আমাদের ঘরে প্রতিবেশী ও বন্ধুরা আসবে । অনেক ভিড় হবে । তোমরা দু'জন কাজে একটু সাহায্য কর । এই মোমবাতিগুলো নাও । এগুলো সাজিয়ে রাখ ।

আমি যতগুলো চাইব কে তাড়াতাড়ি গুণে দেবে ?



# অভ্যাস

১. ডলি দিল

৭- 

১৫- 

১৭- 

১৮- 

ঝিলি দিল

৮- 

১৩- 

১৪- 

১১- 

২. উপরে যেমন ছবি করা হয়েছে, তেমনি নীচে লিখিত সংখ্যার পাশে ছবি কর ।

৮

১৪

৯

১০

১৩

৭

৩.   সমান সংখ্যক মোমবাতি নিয়ে সংখ্যার সঙ্গে জুড়ে দাও ।



১৩

৫

১২

১৭

১৯

২০

৪. তলায় লিখিত সংখ্যা নিয়ে খালিঘরে আলুর ছবি কর ।

| | |
|---|---|
| ৪ | |
| ৮ | |
| ১১ | |
| ১৫ | |
| ১৯ | |

৫. বিড়ালের টুকরিতে গুণে রাখা মাছ ও বাইরে রাখা মাছ গুণে খালিঘর পূরণ কর ।



৬. ১০টি জবা ফুলে একটি মালা তৈরি করার পরে আর ক'টি ফুল রইল, বল।



১২



১৫



১৩



১৭

## ৭. খালি ঘর পূরণ কর ।

| | |
|---|---|
|  | ১ দশ |
|  | ১ দশ ১ এক |
|  | ১ দশ ২ এক |
|  | ___ দশ ___ এক |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |
|  | |

৮. ক) দীপাবলিতে আমরা কি কি করি ? কারা আমাদের ঘরে আসে ?

ক) তোমার অঞ্চলে আর কি কি পর্ব পালন করা হয় বল ।

৯. ক) ‘আ’ কার (া) লাগিয়ে খালি ঘর পূরণ কর ।

খত খাতা

পত ______ বব ______ মত ______

খ) এস পড়বো ।

জটিয়া বললো আ আ
চটিয়া বললো না না
জটিয়া রাখলো খই
চটিয়া দিল খেয়ে ।

১০. যেমন ৭ ও ১ মিশালে মাঝের ঘরে ৮ হচ্ছে,
তেমনি সব খালি ঘর পূরণ কর ।



## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- গল্পটি ২/৩ বার পড়বেন । আবশ্যক স্থলে ছবি আঁকবেন । চিত্রগুলোর উপরে ভালোভাবে আলোচনা আবশ্যক ।
- অভ্যাস কার্য ১ ও ৩ জন্য এর বস্তু নিয়ে দশ সংখ্যার ধারণা দেওয়া আবশ্যক ।
- অভ্যাস কার্য ৮ (ক) ও (খ) জন্য নিজনিজ অঞ্চলের পালপার্বন উপরে আলোচনা করা হবে ।
- চিত্রে কোন্ শ্রেণীর লোকেদের দেখা যাচ্ছে ? দীপাবলি আমরা কেন পালন করি ইত্যাদি প্রশ্ন নিয়ে আলোচনা করতে হবে ।
- অভ্যাস কার্য ৯ র (ক) জন্য নিজ অঞ্চলে পরিচিত 'আ' কার (া) দেওয়া কবিতা আবৃত্তি করা যেতে পারে ।
- এই পাঠের জন্য কমপক্ষে ১৯ টি পিরিয়ড থাকবে বলে আশা করা যায় । এই পাঠের সরল কবিতা আবৃত্তি, আ কার (া), আ কার দিয়ে শব্দ লিখন, দুই অঙ্ক বিশিষ্ট সংখ্যা গণনের সহজ উপায়, স্থানীয়মান, ৯ সংখ্যা দিয়ে যোগ, আঞ্চলিক পালপার্বণ বিষয়ে ধারনা, গুছিয়ে রাখা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

পাঠ-১৩

# চতুর মোরগ




মোরগ আর কুকুর দুই বন্ধু । দু'জনের মধ্যে খুব সদ্ভাব। হেসেখেলে দিন বেশ কাটছিল । একদিন কুকুর ক্লান্ত হয়ে শুয়ে আছে । বন থেকে একটা শিয়াল সেখানে এল । তাকে দেখে মোরগ তো ভয়ে থরথর করে কাঁপতে লাগল । শিয়াল মোরগটাকে কি করে খাবে ভাবল, তারপর তার পাশে গিয়ে বলল, "মোরগভাই, এস আমরা বন্ধু হয়ে হেসেখেলে দিন কাটাই ।"





মোরগ শিয়ালের চালাকি বুঝতে পারল । বলল, “দাঁড়াও, আর একজন বন্ধুকে ডাকছি, বেশি মজা হবে” । মোরগ ডাক ছাড়ল । কুকুর ঘেউ ঘেউ করে দৌড়ে এল । কুকুরের ঘেউঘেউ শব্দে শিয়াল ঘেমে অস্থির । “হুকে হো-হুকে হো” গর্জন করতে করতে সে পালিয়ে গেল ।

## অভ্যাস

**১. ছবি দেখে পড় ।**


গয়াল


চোখ


জাতীয় পতাকা


ভাল্লুক


ভারী


কাৎলা

২.

ভাই শয়ন বয়ন ভরত

ভবন ভার মলয়

চয়ন ভগিনী

গায়ক বয়স ভরসা



ছেলেটি 'য়' অক্ষর যুক্ত তারা নিকটে তীর মেরে চেনাবে এবং তীর থেকে দাগ টেনে 'য়' অক্ষরকে জুড়বে ।
মেয়েটি 'ভ' অক্ষর থাকা তারার কাছে চুড়ি ছুড়বে এবং অক্ষরের চারপাশে ◯ গোল করবে ।

## ৩. প্রশ্ন ২ র ছবি দেখে লেখ ।

ক) বড় তারা ক' টি ?

খ) ছোট ও মাঝারি তারা মিশে ক' টি ?

গ) 'ভ' অক্ষর চিহ্নিত তারা ও খালি তারা মিশে ক' টি ?

ঘ) 'য়' অক্ষরযুক্ত তারা ও খালি তারা মিশে ক' টি ?

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| বড় তারা | | + | ছোট তারা | | = | |
| ছোট তারা | | + | মাঝারি তারা | | = | |
| মাঝারি তারা | | + | বড় তারা | | = | |

## ৪ . ছবি ও শব্দ মিলিয়ে পড় ।

 আর  দুই বন্ধু ।

বন থেকে  এল ।

  কে খেতে ইচ্ছে হল ।

  কে ডাকল ।

 ভয়ে পালিয়ে গেল ।

৫. লেখ ।

________ আর ________ দুই বন্ধু ।

বনথেকে________এল ।

______ ______ কে খেতে ইচ্ছে হল ।

______ ______ কে ডাকল ।

______ ভয়ে পালাল ।

৬.




ডাকঘরের কাছে কি আছে ?

বিদ্যালয় থেকে দূরে কি আছে ?

ডাকঘর ও মন্দিরের মাঝে কি আছে ?

## শিক্ষক ও অভিভাবকের জন্য সূচনা

- গল্পটি পড়া শেষ হওয়ার পরে (২/৩ বার) কোন কোন শব্দে ভ, য়, য আছে সেই শব্দগুলো বলতে বলা হবে ।
- তা' পরে ক্লান্ত হলে কিভাবে শোয় ? ভয়ে কিভাবে কাঁপে ? অভিনয় করে দেখানোর জন্য শিশুকে বলা হবে ।
- মোরগ কুকুরকে কি করে ডাকল ? কুকুর রেগে কিভাবে ঘেউ ঘেউ করল ? শিয়াল ভয়ে কিভাবে বিকট চিৎকার করল ? গলায় সে শব্দ করার জন্য শিশুকে বলা হবে -এই দু'টি কাজ প্রত্যক শিশুর করা আবশ্যক (সব শিশু একসঙ্গে করলেও হবে) ।
- ১ থেকে ৫ অভ্যাস কার্য করবার পরে অভ্যাস ৬ অনুশীলনের সময় ডাকঘর থেকে দূরে একটি গাছের চিত্র করবার জন্য ও ডাকঘর উপরে একটি জাতীয় পতাকা আঁকবার জন্য শিক্ষার্থীকে বলা হবে। প্রত্যেক শিক্ষার্থীর ছবি আঁকা আবশ্যক ।
- অভ্যাস কার্য ৬ র প্রশ্ন সহ "তোমার আঁকা গাছের পাশে কি আছে বল" এই প্রশ্ন করা হবে ।
- শিশুদের নিজ গাঁ/পাড়ার সকালের দৃশ্য আঁকবার জন্য বলতে হবে । প্রত্যেক শিশু নিজের আঁকা ছবির নীচে নিজের নাম লিখবে । সমস্ত চিত্র শ্রেণীঘরে টাঙানো হবে ।
- ১৯ পিরিয়ডের এই পাঠ থেকে শিক্ষার্থীদের 'উ' ও উ কার (ু), ভ, য, য় চিহ্নিত করণ ও পঠন, চিত্র দেখে বাক্য পড়া, সরল বাক্য গঠন করা, ১৮ সংখ্যা মধ্যে যোগকরা, ডাকঘর, বিদ্যালয়, মন্দির ইত্যাদি অনুষ্ঠান সম্বন্ধে দেখানো, বড় ছোট দেখানো, দূর নিকট অনুমান করা ও চিত্র অঙ্কন করা ইত্যাদি দক্ষতার বিকাশ হওয়া আবশ্যক ।

আমরা এ পর্যন্ত চ, ট, ম, র, গ, ঝ, ক, ন, প, আ, ঠ, ব, ল, অ, খ, ছ, ণ, ত, দ, জ, ড, ঢ, ধ, শ, ষ, স, হ, ই, উ, ঘ, ভ, য, য় অক্ষরগুলো শিখলাম ।

ওড়িয়া বর্ণমালাতে আমাদের শেখা এই অক্ষরগুলো অ, আ, ই, উ, ক, খ, গ, ঘ, চ, ছ, জ, ঝ, ট, ঠ, ড, ঢ, ণ, ত, দ, ধ, ন, প, ব, ভ, ম, য, য়, র, ল, শ, ষ, স, হ ক্রমানুসারে রয়েছে ।

এস শব্দ খুঁজে গোল বুলাব ।

যেমন - গরম

| | | | | |
|---|---|---|---|---|
| চ | দ | র | প | র |
| প | ট | চ | ব | স |
| ল | গ | হ | ন | র |
| অ | র | ট | শ | স |
| র | ম | গ | য় | ল |
| খ | ব | র | ন | ল |

## এস মনেকরার চেষ্টা কর

চিত্রগুলো ভালোভাবে দেখবার পরে বই বন্দ করে দাও ।
এবার মনে করে ক’ টি কোন কোন পশু দেখলে বল ।



















Finish
100
99 98 97 96 95 94 93 92 91
81 82 83 84 85 86 87 88 89 90
80 79 78 77 76 75 74 73 72 71
61 62 63 64 65 66 67 68 69 70
60 59 58 57 56 55 54 53 52 51
41 42 43 44 45 46 47 48 49 50
40 39 38 37 36 35 34 33 32 31
21 22 23 24 25 26 27 28 29 30
20 19 18 17 16 15 14 13 12 11
1 2 3 4 5 6 7 8 9 10

# বন্দে উৎকল জননী

বন্দে উৎকল জননী.......
চারু হাসময়ী চারু ভাষময়ী
জননী জননী...........। ০ ।

বন্দে উৎকল জননী
পূত-পয়োধি-বিধৌত শরীরা
তাল-তমাল-শুশোভিত- তীরা
শুভ্র তটিনী কূল শীকর সমীরা
জননী জননী জননী । ১।

ঘন ঘন বনভুমি রাজিত অঙ্গে
নীল ভূধরমালা সাজে তরঙ্গেঁ
কল কল মুখরিত চারু বিহঙ্গে
জননী জননী জননী ।২।

সুন্দর-শালি -সুশোভিত-ক্ষেত্রা
জ্ঞান- বিজ্ঞান - প্রদর্শিত নেত্রা
যোগী-ঋষিগণ-উটজ-পবিত্রা
জননী জননী জননী ।৩।

# এস রঙ দাও

